

প্রেস রিলিজ
২৫ এপ্রিল ২০২৪

বাউবিতে ইনোভেশন শোকেসিং অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এপিএ ইনোভেশন টিমের উদ্যোগে ও আইকিউএসি'র সহযোগিতায় এক উদ্ভাবনী প্রদর্শনী (শোকেসিং) আজ ২৫ এপ্রিল ২০২৪ বৃহস্পতিবার পুরাতন কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। বাউবির বিভিন্ন স্কুল, বিভাগ ও আঞ্চলিক কেন্দ্রসহ মোট ২০টি স্টল শোকেসিং এ অংশগ্রহণ করে। সকালে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার উদ্ভাবনী প্রদর্শনী (শোকেসিং) এর উদ্বোধন করেন। এ সময় আরো উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. শফিকুল আলমসহ বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা ও ইনোভেশন টিমের সদস্যবৃন্দ। পরে সকলকে নিয়ে উপাচার্য প্রতিটি স্টল ঘুরে ঘুরে দেখেন।



ইনোভেশন শোকেসিং উদ্বোধন করছেন মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার


বিচারক হিসেবে শোকেসিং মূল্যায়নে অংশ নেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস ডিভিশনের পরিচালক ড. মো. ফকরুল ইসলাম, এটুআই এর পলিসি এনালিস্ট মো. আফজাল হোসেন সারওয়ার, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সিনিয়র সহকারী পরিচালক দ্বিজেন্দ্র চন্দ্র দাস।

পরে, উপাচার্য প্রদর্শনীতে অংশগ্রহণকারী স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজিকে (প্রথম), স্কুল অব বিজনেস কে (দ্বিতীয়) এবং যৌথভাবে ওপেন স্কুল ও যশোর আঞ্চলিক কেন্দ্র (তৃতীয়) কে বিজয়ী হিসেবে নাম ঘোষণা করে পুরস্কার ও সনদ প্রদান করেন। উপাচার্য বলেন, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। গুণগত শিক্ষার মানোন্নয়নে উদ্ভাবনী পরিকল্পনা খুবই জরুরি। নতুন কর্মপরিধি, সেবা, সহজীকরণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা আজকের প্রদর্শনীর বিশেষত্ব। ভবিষ্যতে শিক্ষার্থীদের মাঝে এমন একটি উদ্ভাবনী প্রদর্শনী করার পরিকল্পনা আছে আমাদের।

ইনোভেশন টিমের সভাপতি ও বাউবি ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল বলেন, ইনোভেশন ছাড়া কোন প্রতিষ্ঠান এগিয়ে যেতে পারে না। নতুন নতুন সৃষ্টিকর্ম প্রতিষ্ঠানের গতি বাড়ায়। এই প্রদর্শনীর মাধ্যমে বাউবিতে নতুন একটা ধারা তৈরি হবে এটা আমার বিশ্বাস।

বেলা বারটার পর সকলের জন্য প্রদর্শনী উন্মুক্ত করা হয়। নতুন নতুন উদ্ভাবনী চিন্তা, কার্যক্রমের ধারণা ও পরিকল্পনা আগত সকলের মাঝে কর্মকাণ্ড সহজীকরণে সম্ভাবনার দুয়ার উন্মোচন করে। দীর্ঘ দিনের জটিল, শ্রমসাধ্য, দীর্ঘসূত্রীতা থেকে বেরিয়ে এসে প্রযুক্তি, স্বল্প সময়, কম খরচের মাধ্যমে কীভাবে ঘরে বসে বাউবির স্টেকহোল্ডারগণ সর্বোচ্চ সুযোগ সুবিধা পাবেন মূলত এটাই এ শোকিংসয়ের লক্ষ্য। সবশেষে, বিচারকদের লাল সবুজে বিশেষ উত্তরীও পরিয়ে দেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

অনুষ্ঠান সঞ্চালনা করে ইনোভেশন টিমের সদস্য সঙ্গীতা মোরশেদ।



ড. আ ফ ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রা)